

# এইচএসসির প্রবেশপত্র বিতরণের নতুন সময়সূচি

সংবাদ অনলাইন রিপোর্ট

: শনিবার, ০৫ আগস্ট ২০২৩



২০২৩ সালের এইচএসসি ও সমমানের পরীক্ষার্থীদের প্রবেশপত্র বিতরণের নতুন সময়সূচি প্রকাশ করা হয়েছে।

শনিবার (৫ আগস্ট) নতুন এ সময়সূচি প্রকাশ করে ঢাকা শিক্ষা বোর্ড।

এর আগে ৮ ও ৯ আগস্ট প্রবেশপত্র বিতরণের কথা ছিল।

নতুন সময়সূচি অনুযায়ী, আগামী ৯ ও ১০ আগস্ট থেকে এইচএসসি পরীক্ষার্থীদের প্রবেশপত্র কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাদের কাছে বিতরণ শুরু করবে ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড।

নতুন সময়সূচি অনুযায়ী আগামী ৯ আগস্ট টাঙ্গাইল, নরসিংড়ী, ফরিদপুর, মাদারীপুর, শরীয়তপুর, রাজবাড়ী, গোপালগঞ্জ ও কিশোরগঞ্জ জেলার কেন্দ্রগুলো পরীক্ষার্থীদের প্রবেশপত্র বিতরণ করা হবে। আর ১০ আগস্ট

তাকা মহানগর, তাকা জেলা, গাজীপুর, মুন্ডীগঞ্জ, নারায়ণগঞ্জ এবং  
মানিকগঞ্জ জেলার কেন্দ্রগুলোর পরীক্ষার্থীদের প্রবেশপত্র বিতরণ করা  
হবে।

প্রবেশপত্রে কোনো ভুলক্রটি থাকলে ১০ থেকে ১৪ আগস্টের মধ্যে বোর্ডে  
আবেদন করে সংশোধন করতে হবে। প্রবেশপত্র সংশোধন করানো না  
হলে পরীক্ষায় এ সংক্রান্ত জটিলতা সৃষ্টি হলে প্রতিষ্ঠানপ্রধানরা দায়ী  
থাকবেন।

উল্লেখ্য, চলতি বছরের এইচএসসি ও সমমানের পরীক্ষা আগামী ১৭  
আগস্ট থেকে শুরু হতে যাচ্ছে। ইতোমধ্যে পরীক্ষার সব প্রস্তুতি প্রায় শেষ  
পর্যায়ে।